

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৪১
উদয়পুর, ২৪ ডিসেম্বর, ২০২৩

অটল কবিতা ও সাহিত্য উৎসব
উদয়পুরে বর্ণাঢ্য র্যালি

অটল কবিতা ও সাহিত্য উৎসব উপলক্ষে আজ উদয়পুরে এক বর্ণাঢ্য র্যালি শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। উদয়পুর টাউন হল প্রাঙ্গণ থেকে এই র্যালির সূচনা করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়। র্যালিটি উদয়পুর টাউন হল প্রাঙ্গণ থেকে শুরু হয়ে সেন্ট্রাল রোড ব্রহ্মাবাড়ি হয়ে রাজর্ষি হলে এসে সমাপ্ত হয়। র্যালির সূচনা করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় বলেন, প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর জন্মদিন উপলক্ষে আগামীকাল থেকে উদয়পুরে শুরু হচ্ছে দুদিনব্যাপী অটল কবিতা ও সাহিত্য উৎসব। এই উৎসবে উত্তর পূর্বাঞ্চল সহ পশ্চিমবঙ্গের কবি সাহিত্যিকরা অংশ নেবেন। র্যালিতে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার প্রমুখ অংশ নেন। তাছাড়াও বিভিন্ন সাংস্কৃতিক সংস্থা, ক্লাব ও কলেজের ছাত্রছাত্রীরা এই বর্ণাঢ্য র্যালিতে অংশ নেয়।
